# দীর্ঘদিন দলীয় কর্মকাণ্ডে থাকলে বিচারক হওয়া যাবে না: আসিফ নজরুল



সংগৃহীত ছবি

অন্তর্বর্তী সরকারের আইন উপদেষ্টা আসিফ নজরুল বলেছেন, দীর্ঘদিন রাজনৈতিক স্লোগান দেওয়া ব্যক্তিরা বিচারক হওয়ার যোগ্য হবেন না। তার ভাষায়, "১০ বছর ধরে 'জয় বাংলা' বা 'বাংলাদেশ জিন্দাবাদ' বলা হলে বিচার বিভাগে প্রবেশের সুযোগ বন্ধ হবে।"

রোববার (১৮ জানুয়ারি) রাজধানীর সিরডাপ মিলনায়তনে সেন্টার ফর গভর্ন্যান্স স্টাডিজ (সিজিএস) আয়োজিত 'বিচার বিভাগের স্বাধীনতা ও আইনের শাসন' শীর্ষক নীতি সংলাপে তিনি এসব কথা বলেন।

তিনি বলেন, সংস্কার নিয়ে ইচ্ছাকৃতভাবে নেতিবাচক ধারণা ছড়ানো হচ্ছে। বাস্তবে অগ্রগতি হয়েছে, যদিও প্রত্যাশার তুলনায় কম। পুলিশ সংস্কার প্রত্যাশিতভাবে এগোয়নি বলেও তিনি স্বীকার করেন।

আসিফ নজরুল আরও বলেন, বিচার বিভাগের স্বাধীনতা নিশ্চিত করতে প্রয়োজনীয় আইন প্রণয়ন করা হয়েছে। আইনের শাসন পুরোপুরি কার্যকর হতে আরও ৫ থেকে ১০ বছর সময় লাগবে। নির্বাচিত সরকারগুলো এই ধারাবাহিকতা বজায় রাখলে জনগণ এর সুফল।

LENS ASIA